



পাঁচ দফা দাবিতে ঢাকাসহ বিভাগীয় শহরে বিক্ষোভ কর্মসূচি জামায়াতের



সংগৃহীত ছবি

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঘোষণা করেছে, আসন্ন নির্বাচন পিআর (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতিতে না হলে তারা কঠোর আন্দোলনে নামবে। দলটি জাতীয় সনদসহ পাঁচ দফা দাবিতে ধারাবাহিক বিক্ষোভ কর্মসূচিরও ঘোষণা দিয়েছে।

আসন্ন নির্বাচন নিয়ে দৃঢ় অবস্থান জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। সোমবার (১৫ সেপ্টেম্বর) ঢাকার মগবাজার আল-ফালাহ মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে নায়েবে আমীর সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের এ কর্মসূচি ঘোষণা করেন।

তিনি জানান, ১৮ সেপ্টেম্বর ঢাকায় বিক্ষোভ, ১৯ সেপ্টেম্বর বিভাগীয় শহরগুলোতে এবং ২৬ সেপ্টেম্বর সারাদেশে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হবে। দলটির পক্ষ থেকে আরও বলা হয়, জুলাই সনদের আইনি ভিত্তি ছাড়া কোনো আন্দোলন টিকবে না এবং তা গণঅভ্যুত্থানের ব্যর্থতায় পরিণত হতে পারে।

তাহের উল্লেখ করেন, একই দাবিতে বিভিন্ন রাজনৈতিক দল আন্দোলনে নামতে পারে, তবে এটিকে আপাতত যুগপৎ আন্দোলন হিসেবে দেখছেন না তারা। তিনি আরও জানান, জুলাইয়ের চেতনায় বিশ্বাসী দলগুলোর সঙ্গে জামায়াত আলোচনা চালিয়ে যাচ্ছে।